

স্মারক নং: ০৩.৮০৪.০০৫.০০.০০.০১৮.২০১৫/৩০৬

তারিখ: ৩ মার্চ, ২০১৫

বিষয়: ডিজিটাল সেন্টার থেকে বিদেশ গমনেচ্ছু নারীকর্মীদের রেজিস্ট্রেশন সম্পন্ন করার লক্ষ্যে উদ্যোক্তাদের নির্দেশনা প্রদান ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে।

আগামী ৫ মার্চ ২০১৫ তারিখ থেকে প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী বিদেশ গমনেচ্ছু নারীকর্মীদের রেজিস্ট্রেশন প্রক্রিয়া সকল ডিজিটাল সেন্টার (ইউনিয়ন/সিটি/পৌরসভা) থেকে শুরু হবে। প্রতিবারের ন্যায় এবারও অনলাইনে ডিজিটাল পদ্ধতিতে রেজিস্ট্রেশন করতে হবে। আবেদন ফর্মটি <http://registration.bmet.gov.bd/> ঠিকানায় পাওয়া যাবে। ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের রেজিস্ট্রেশন ফর্মটি পূরণ করে প্রত্যেক আবেদনের বিপরীতে ২০০ টাকা টেলিটকের মাধ্যমে নির্ধারিত খাপানুযায়ী প্রেরণ করতে হবে। আবেদনের সকল কার্যাবলী সম্পাদনের লক্ষ্যে উদ্যোক্তা সর্বোচ্চ ১০০ টাকা সার্ভিস চার্জ হিসেবে নিতে পারবে। প্রত্যেক উদ্যোক্তাকে এলক্ষ্যে নির্ধারিত টেলিটকের ডিস্ট্রিবিউটর/ ডিলারের কাছ থেকে টেলিটকের সিম সংগ্রহ করতে হবে। উদ্যোক্তারা পূর্বের ন্যায় ডিজিটাল সেন্টার ম্যানেজমেন্ট সিস্টেমে উল্লিখিত মোবাইল নম্বরে নিবন্ধন করার প্রয়োজনীয় আইডি পাসওয়ার্ড পাবে। নিবন্ধন সংক্রান্ত যে কোন জরুরি প্রয়োজনে উদ্যোক্তাদের প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রকল্পের কলসেন্টারের টেলিফোন নম্বর ০৯৬১২০১৬৩৪৫ এ (সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত) যোগাযোগ করতে হবে। আপনার সদয় অবগতির জন্য উদ্যোক্তাদের জন্য করণীয়, নিকটবর্তী টেলিটক ডিস্ট্রিবিউটর/ডিলার তালিকা এবং রেজিস্ট্রেশন ফর্ম পূরণের নির্দেশনা সংযুক্ত করা হলো।

উপরোক্ত কার্যাবলী সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

(কবির বিন আনোয়ার)  
মহাপরিচালক (প্রশাসন) ও প্রকল্প পরিচালক,  
একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম  
প্রধানমন্ত্রীর কার্যালয়

বিতরণ:(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। জেলা প্রশাসক (সকল)
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা (সকল সিটি কর্পোরেশন)
- ৩। প্রধান নির্বাহী কর্মকর্তা (সকল পৌরসভা)
- ৪। উপ-পরিচালক (সকল), রিজিওনাল আরবান ম্যানেজমেন্ট সাপোর্ট ইউনিট

অনুলিপি:(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। মহাপরিচালক, জনশক্তি প্রশিক্ষণ ও কর্মসংস্থান ব্যুরো।
- ২। জনাব অশোক মাখব রায়, অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ
- ৩। মেয়র (সকল সিটি কর্পোরেশন)
- ৪। মেয়র (সকল পৌরসভা)
- ৫। জনাব মোঃ নুরুল্লাহ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্থানীয় সরকার ও প্রকৌশল বিভাগ